# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা পূর্ণমান — ৫০ বিষয় কোড: | ১ | ০ | ২ |

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা কর : ৫**

(ক) মন পদার্থটি মিলনের কোলে ঘুমিয়ে পড়ে, আর বিরোধের স্পর্শে জেগে ওঠে। এবং মনের এই জাগ্রত ভাব থেকেই সকল কাব্য দর্শন সকল বিজ্ঞানের উৎপত্তি। আমাদের মনের যে অংশটুকু জেগে আছে সেই অংশটুকুকেই আমরা সমগ্র মন বলে ভুল করি— নিদ্রিত অংশটুকুর অস্তিত্ব আমরা মানি নে, কেননা জানি নে। সাহিত্য মানব জীবনের প্রধান সহায়, কারণ তার কাজ হচ্ছে মানুষের মনকে ক্রমান্বয়ে নিদ্রার অধিকার হতে ছিনিয়ে নিয়ে জাগরুক করে তোলা। আমরা নিত্য লেখায় ও বক্তৃতায় দৈন্যকে ঐশ্বর্য বলে, জড়তাকে সাত্ত্বিকতা বলে, আলস্যকে ঔদাস্য বলে, শ্মশান বৈরাগ্যকে ভূমানন্দ বলে, উপবাসকে উৎসব বলে, নিষ্কর্মাকে নিষ্ক্রিয় বলে প্রমাণ করতে চাই। এর কারণও স্পষ্ট। ছল দুর্বলের বল। যে দুর্বল সে অপরকে প্রতারিত করে আত্মরক্ষার জন্য, আর নিজেকে প্রতারিত করে আত্মপ্রসাদের জন্য। আত্মপ্রবঞ্চনার মতো আত্মঘাতি জিনিস আর নাই। সাহিত্য জাতির খোর-পোশের ব্যবস্থা করে দিতে পারে না, কিন্তু তাকে আত্মহত্যা থেকে রক্ষা করতে পারে।

i. সাহিত্য মানব জীবনের প্রধান সহায় কেন? ১

ii. মন কীভাবে জাগ্রত হয়? ২

iii. আত্মপ্রবঞ্চনার মতো আত্মঘাতি জিনিস আর নাই কেন? ২

অথবা, (খ) 'মূল্যবোধ' এই বিষয়ের উপর একটি অনুচ্ছেদ রচনা কর।

**২. যেকোনো একটি বিষয়ে সারাংশ/সারমর্ম লেখ : ১০**

(ক) আমরা দেশকে সাজাব আমাদের কল্পনা দিয়ে, অনুভূতি দিয়ে, সৌন্দর্যবোধ দিয়ে— জননী করে নয়, প্রিয়া করে। কারণ প্রিয়াকে আমারা সৃষ্টি করতে পারি, কিন্তু জননী আমাদের স্রষ্ঠা। জননী অতীতের, প্রিয়া বর্তমান ও ভবিষ্যতের। আজো যে আমরা দেশকে প্রগতিশীল করে তুলতে পারিনি, তার কারণ দেশকে আমরা জননী করে দেখছি, প্রিয়া করে নয়। জননীর জন্য প্রগতি নিষ্প্রয়োজন, অতীতের সুমধূর স্মৃতিতেই তাঁর তৃপ্তি; প্রিয়াকে কিন্তু

http://teachingbd.com

পরিবর্তনশীল হতে হয়, কারণ জীবনের নব নব স্বাদ পাওয়া ও পাওয়ানো তার জীবনধর্ম।

অথবা, (খ) মহামৈত্রীর বরদ-তীর্থে পূর্ণ ভারতপুরে
পূজার ঘণ্টা মিশিছে হরষে নামাজের সুরে সুরে
সন্ন্যাসী আর পীর
মিলে গেছে হেথা,—মিশে গেছে হেথা মসজিদ, মন্দির!
রুমের চেয়েও ভারত তোমার আপন,—তোমার প্রাণ!
— হেথায় তোমার ধর্ম অর্থ, — হেথায় তোমার ত্রাণ;
হেথায় তোমার আসন ভাইগো হেথায় তোমার আশা
যুগ যুগ ধরি এই ধুলি তলে বাঁধিয়াছ তুমি বাসা,
এ ভারতভূমি নহেকো তোমার, নহেকো আমার একা
হেথায় পড়েছে হিন্দুর ছাপ, — মুসলমানের রেখা;
কাফের যবন টুটিয়ে গিয়াছে, — ছুটিয়া গিয়াছে ঘৃণা,
মোসলেম বিনা ভারত বিফল, — বিফল হিন্দু বিনা।

৩. **যেকোনো একটি বিষয়ে পত্র লেখ :** ৫

(ক) তোমার সাম্প্রতিক পড়া একটি কাব্যগ্রন্থের বর্ণনা দিয়ে প্রবাসি বন্ধুর কাছে একটি পত্র লেখ

(খ) তোমার স্কুলে বিজ্ঞান মেলা আয়োজনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষক বরাবর একটি আবেদন পত্র লেখ।

৪. **যেকোনো একটি বিষয়ে ভাষণ/প্রতিবেদন রচনা কর :** ১০

(ক) 'খাদ্যে ভেজাল : কারণ ও প্রতিকার' শীর্ষক আলোচনা সভার প্রধান বক্তা হিসেবে একটি ভাষণ তৈরি কর।

(খ) জাতীয় জীবনে, দুর্নীতিরোধ প্রসঙ্গে সচেতনতা সৃষ্টির জন্য সংবাদপত্রে প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

৫. **যেকোনো একটি বিষয়ে ভাব-সম্প্রসারণ কর :** ১০

(ক) পথ পথিককে সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে

(খ) স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

৬. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ :** ২০

(ক) ভ্রান্তির বেড়াজালে দেশীয় সংস্কৃতি

(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

(গ) সময়ের মূল্য

teachingbd.com

http://teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১০২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কে প্রথম বাংলা লিপি তৈরি করেন?**
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ) রাজা রামমোহন রায়
গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌
ঘ) পঞ্চানন কর্মকার

**২. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি?**
ক) ৩২টি খ) ৮টি
গ) ১০টি ঘ) ৬টি

**৩. 'পাত্র' কোন ধরনের শব্দ?**
ক) তৎসম খ) অর্ধ-তৎসম
গ) তদ্ভব ঘ) দেশি

**৪. 'চামার' শব্দের প্রাকৃত রূপ কী?**
ক) চর্মকার খ) চামর
গ) চামআর ঘ) চম্মআর

**৫. 'আফিম' কোন ভাষা থেকে আগত শব্দ?**
ক) পশতু খ) ফরাসি
গ) ওলন্দাজ ঘ) ইংরেজি

**৬. শব্দের ক্ষুদ্রাংশকে কী বলে?**
ক) ধ্বনি খ) বর্ণ
গ) অক্ষর ঘ) রূপ

**৭. বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনি কয়টি?**
ক) ২২টি খ) ১১টি
গ) ৬টি ঘ) ২টি

**৮. যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে কী বলে?**
ক) অল্পপ্রাণ ধ্বনি খ) ঘোষ ধ্বনি
গ) অস্পৃষ্ট ধ্বনি ঘ) অঘোষ ধ্বনি

**৯. সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত ধ্বনি কোনটি?**
ক) আ খ) এ
গ) ও ঘ) অ

**১০. কোনটি স্বরসঙ্গতি?**
ক) দেশি-দিশি খ) সত্য-সইত্য
গ) মারি-মাইর ঘ) লাল-নাল

**১১. স্বভাবতই ণ ব্যবহার হয়েছে কোন শব্দে?**
ক) বর্ণ খ) কারণ
গ) ভাষণ ঘ) বণিক

**১২. 'মস্যাধার' শব্দের সন্দি বিচ্ছেদ কোনটি?**
ক) মৎস্য + আধার
খ) মসী + আধার
গ) মাছ + আধার
ঘ) মছি + আধার

**১৩. ব্যঞ্জন সন্ধির ক্ষেত্রে ষ-এর পরে ত্‌ বা থ্‌ থাকলে যথাক্রমে ত্‌ ও থ্‌ এর স্থলে কী হয়?**
ক) ট ও ঠ খ) জ ও ঝ
গ) ব ও ভ ঘ) প ও ফ

**১৪. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক) ধোপানী খ) বামনী
গ) ননদ ঘ) সতীন

**১৫. যে দ্বিরুক্ত শব্দে দুটো পদের বিভক্তি একই থাকে তাকে কী বলে?**
ক) শব্দের দ্বিরুক্তি খ) পদের দ্বিরুক্তি

**১৬. 'কিচির মিচির' কোন প্রকারের দ্বিরুক্ত শব্দ?**
ক) শব্দাত্মক খ) পদাত্মক
গ) ধ্বন্যাত্মক ঘ) দ্বিরুক্ত নয়

**১৭. কেউ কেউ বলে। এখানে কেউ কেউ দ্বিরুক্ত কী অর্থে ব্যবহার হয়েছে?**
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) সর্বনাম ঘ) অব্যয়

**১৮. 'হুম হুম' কোন প্রকারের দ্বিরুক্ত শব্দ?**
ক) শব্দাত্মক খ) পদাত্মক
গ) ধ্বন্যাত্মক ঘ) দ্বিরুক্ত নয়

**১৯. একাধিক বার একই একক গণনা করলে যে সমষ্টি পাওয়া যায় তাকে কী বলে?**
ক) অঙ্কবাচক সংখ্যা
খ) পরিমাণবাচক সংখ্যা
গ) ক্রমবাচক সংখ্যা
ঘ) তারিখবাচক সংখ্যা

**২০. উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহার হয় কোনটি?**
ক) সব খ) সকল
গ) সমূহ ঘ) বর্গ

**২১. 'এক' শব্দের সঙ্গে টা, টি যুক্ত হলে কী বোঝায়?**
ক) নির্দিষ্টতা খ) অনির্দিষ্টতা
গ) সুনির্দিষ্টতা ঘ) পরিমাণে স্বল্পতা

teachingbd.com

http://teachingbd.com

২২. দ্বিগু সমাসকে অনেক ব্যাকরণবিদ কোন সমাসের অন্তর্ভুক্ত করেছেন?
ⓚ দ্বন্দ্ব ⓚ তৎপুরুষ

(ক) দ্বন্দ্ব (খ) তৎপুরুষ
(গ) বহুব্রীহি (ঘ) কর্মধারয়

২৩. স্বর্গ-নরক' কোন প্রকারের সাধিত দ্বন্দ্ব সমাস?
(ক) বিরোধার্থক (খ) বিপরীতার্থক
(গ) সমার্থক (ঘ) মিলনার্থক

২৪. 'মুখচন্দ্র' কোন সমাসযোগে গঠিত শব্দ?
(ক) মধ্যপদলোপী কর্মধারয়
(খ) উপমান কর্মধারয়
(গ) উপমিত কর্মধারয়
(ঘ) রূপক কর্মধারয়

২৫. 'বিপদাপন্ন' কোন সমাসযোগে গঠিত শব্দ?
(ক) দ্বিতীয়া তৎপুরুষ
(খ) তৃতীয়া তৎপুরুষ
(গ) পঞ্চমী তৎপুরুষ
(ঘ) অলুক তৎপুরুষ

২৬. যে তৎপুরুষ সমাসে পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ হয় না, তাকে কী বলে?
(ক) নঞ তৎপুরুষ
(খ) উপপদ তৎপুরুষ
(গ) উপমান তৎপুরুষ
(ঘ) অলুক তৎপুরুষ

২৭. কোনটি নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস?
(ক) ঘরমুখো (খ) হাতে খড়ি
(গ) গায়ে পড়া (ঘ) অন্তরীপ

২৮. সমাহার বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাকে কী বলে?
(ক) দ্বন্দ্ব সমাস
(খ) দ্বিগু সমাস
(গ) কর্মধারয় সমাস
(ঘ) কোনোটি নয়

২৯. কোনটি বাংলা উপসর্গ?
(ক) অপ (খ) প্রতি
(গ) পাতি (ঘ) গর

৩০. 'আকণ্ঠ' এই শব্দে 'আ' উপসর্গটি কোন অর্থে ব্যবহার হয়েছে?
(ক) পর্যন্ত (খ) ঈষৎ
(গ) আতিশয্য (ঘ) অতিক্রম

৩১. 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' এই বাক্যে 'হের' কোন ধাতু?
(ক) বাংলা (খ) সংস্কৃত
(গ) অজ্ঞাতমূল বিদেশাগত (ঘ) সাধিত

৩২. কোনটি বিদেশি তদ্ধিত প্রত্যয়
(ক) আ (খ) আই
(গ) ইয়া (ঘ) সই

৩৩. কোনটি সঠিক?
(ক) শ্রী + মান = শ্রীমান
(খ) শ্রীম + আন
(গ) শ্রীমতী + আন = শ্রীমান
(ঘ) শ্রী + মতুপ্ = শ্রীমান

৩৪. কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?
(ক) গাছ (খ) বহর
(গ) নদী (ঘ) ইংরেজ

৩৫. 'আপনা আপনি' কোন অর্থে এই সর্বনাম ব্যবহার করা হয়?
(ক) সামীপ্যবাচক (খ) সাকুল্যবাচক
(গ) ব্যতিহারিক (ঘ) সংযোগজ্ঞাপক

৩৬. ছি ছি তুমি এত নীচ! এখানে ছি ছি কোন অব্যয়?
(ক) সমুচ্চয়ী (খ) অনন্বয়ী
(গ) অনুকার (ঘ) অনুসর্গ

৩৭. যে ক্রিয়া একজনের প্রযোজনায় বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে কী বলে?
(ক) দ্বিকর্মক ক্রিয়া
(খ) সমধাতুজ ক্রিয়া
(গ) যৌগিক ক্রিয়া
(ঘ) প্রযোজক ক্রিয়া

৩৮. 'আপনি কি আসবেন?' এখানে ক্রিয়ার কোন ভাব প্রকাশ পেয়েছে?
(ক) নির্দেশক (খ) অনুজ্ঞা
(গ) সাপেক্ষ (ঘ) আকাঙ্ক্ষা

৩৯. 'সাপ ধরা ওঝার কাজ' কোন কারকে কোন বিভক্তি?
(ক) কর্মে শূন্য (খ) কর্তায় শূন্য
(গ) করণে শূন্য (ঘ) কোনোটি নয়

৪০. যে নারীর সন্তান বাঁচে না তাকে এক কথায় কী বলে?
(ক) অনূঢ়া
(খ) প্রোষিতভর্তৃকা
(গ) কাকবন্ধ্যা
(ঘ) মৃতবৎসা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com